Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.৯৯.১৪২.২০২২-৩৪

তারিখ: ০৫ মাঘ ১৪২৯ / ১৯ জানুয়ারি ২০২৩

বিষয়: সীতাকুন্ড শিল্পাঞ্চলে জলাধার নির্মাণের মাধ্যমে পানি সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর আবেদনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে ০২ জানুয়ারি ২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে চট্টগ্রামের সীতাকুন্ড শিল্পাঞ্চলে জলাধার নির্মাণের মাধ্যমে পানি সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর আবেদনের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
২। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম
৩। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ
৪। উপসচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগ

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সভাপতি, দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ সীতাকুন্ড শিল্পাঞ্চলে জলাধার নির্মাণের মাধ্যমে পানি সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর আবেদনের বিষয় পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ খাইরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ |
| তারিখ ও সময় | ০২ জানুয়ারি, ২০২৩ সকাল ১০.০০ টা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, চট্টগ্রামের সীতাকুন্ড শিল্পাঞ্চলে জলাধার নির্মাণের মাধ্যমে পানি সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি কর্তৃক মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর একটি আবেদন করা হয়। আবেদনে বর্ণিত বিষয় পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতি এ বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। জনাব মোঃ আকবর হোসেন, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, চট্টগ্রামের মিরসরাই ইকোনমিক জোনে পানির সরবরাহের জন্য চট্টগ্রাম ওয়াসা "বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)- জিটুজি প্রক্রিয়ায় মেঘনা নদী হতে পানি পরিশোধনপূর্বক পানি সরবরাহ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় চট্টগ্রামের সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহ অথবা সীতাকুন্ড অঞ্চলের অব্যবহৃত পতিত পাহাড়ী এলাকাগুলোতে বাঁধ নির্মাণ করে বৃষ্টির পানি সংরক্ষণ করে আলোচ্য অঞ্চলের পানির চাহিদা যোগান দেয়ার ব্যবস্থা করার জন্য দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি অনুরোধ করেন।

৩। জনাব তুষার মোহন সাধু খাঁ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, ছড়া থেকে যে পরিমাণ পানি পাওয়া যায় তা গৃহস্থালী কাজে ব্যবহারের জন্য উপযোগী। এ পানি সর্বোচ্চ কমিনিউটি লেভেলে সরবরাহ করা যেতে পারে। তবে এ পানি শিল্প-কারখানায় ব্যবহারের জন্য যথেষ্ট নয়। তিনি বলেন, মহামায়া লেক থেকে পানি সংগ্রহপূর্বক মিরসরাই পৌরসভায় পানি সরবরাহের পরিকল্পনা বাস্তবায়নের জন্য ডিপিএইচই (DPHE) সমীক্ষা কার্যক্রম পরিচালনা করছে।

৪। জনাব মোঃ সাইফুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহের জন্য মহামায়া লেকের পানি যথেষ্ট নয়। উল্লিখিত শিল্পাঞ্চলে পানি সরবরাহের জন্য অন্যকোন স্থানে পানির রিজার্ভার নির্মাণ করতে হবে। শিল্পাঞ্চলে পানির চাহিদা নির্ধারণ করার জন্য এ বিষয়ে একটি বিস্তারিত সমীক্ষা পরিচালনা করা প্রয়োজন। এর পাশাপাশি উক্ত শিল্পাঞ্চলে বর্তমানে কি ধরণের শিল্প-কারখানা রয়েছে এবং ভবিষ্যতে কি ধরণের ও কত সংখ্যক শিল্প-কারখানা গড়ে উঠতে পারে সে বিষয়ে সমীক্ষা পরিচালনা করাসহ সীতাকুন্ড শিল্পাঞ্চলের উপর একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করা প্রয়োজন।

৫। জনাব মোঃ আরিফুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা বলেন, জিপিএইচ গ্রুপের নিজস্ব একটি পানির রিজার্ভার রয়েছে এবং ডিপ টিউবওয়েল এর মাধ্যমে উৎপাদিত পানি দিয়ে তাদের প্রতিষ্ঠানের প্রয়োজনীয় পানির যোগান দিয়ে থাকে। তবে আগামি ২ মাসের মধ্যে তাদের উৎপাদন বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হবে। কারণ তাদের পানির যে রিজার্ভার রয়েছে তা শুকিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন সীতাকুন্ড অঞ্চলে পানির যে রিজার্ভার রয়েছে এর উপর ২০০২ সালে কোরিয়ান প্রতিষ্ঠান KOIKA এর মাধ্যমে একটি ফিজিবিলিটি স্টাডি (Feasibily Study) সম্পন্ন করা হয়। পরবর্তীতে ২০১৩ সালে চট্টগ্রাম ওয়াসার আওতায় Institute of Water Modelling (IWM) এর মাধ্যমে আরো একটি ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা হয়। উল্লিখিত স্টাডির মাধ্যমে ০৩ (তিন)টি সিস্টেমের বিষয় প্রতিবেদনে উল্লেখ করা হয়। সিস্টেম-১: মহামায়া-সিমাইলছড়ি সিস্টেম হতে পানি উন্নয়ন বোর্ড এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সংগ্রহ করে সরবরাহ করে থাকে। সিস্টেম-২: গুপ্তখালী খাল সিস্টেম এ তিনটি পানির রিজার্ভার রয়েছে। এ তিনটি রিজার্ভারের আয়তন

প্রায় ৩৫০ (তিনশত পঞ্চাশ) হেক্টর। এ রিজার্ভারগুলো বর্তমানে প্রায় পানি শুন্য হলেও এগুলো খনন করে ব্যবহার উপযোগী করা সম্ভব হবে। উল্লিখিত ৩ (তিন)টি রিজার্ভারের প্রতিটি হতে দৈনিক ৩০ লক্ষ লিটার পানি সংগ্রহ করা সম্ভব হবে। সিস্টেম-৩: বোয়ালিয়া খাল সিস্টেম। এর আয়তন প্রায় ৪৪০ হেক্টর। উল্লিখিত সিস্টেম হতে দৈনিক প্রায় ১ কোটি লিটার পানি সংগ্রহ করা সম্ভব হবে। *বর্তমানে সীতাকুন্ড শিল্পাঞ্চলে দৈনিক কত লিটার পানি প্রয়োজন এ বিষয়ে একটি স্টাডি করা প্রয়োজন।* তিনি বলেন, সীতাকুন্ড শিল্পাঞ্চলটি চট্টগ্রাম ওয়াসার কর্মপরিধির আওতাভুক্ত এলাকা নয়। উক্ত এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ করে থাকে।

৬। জনাব মোঃ কামাল হোসেন, যুগ্মসচিব (পলিসি সাপোর্ট), স্থানীয় সরকার বিভাগ বলেন, সীতাকুন্ড অঞ্চলে পানির যে রিজার্ভার রয়েছে এর উপর চট্টগ্রাম ওয়াসা কর্তৃক প্রণীত সমীক্ষা প্রতিবেদনটি Literature review এর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনে ব্যবহার করতে পারে।

৭। সভাপতি বলেন, দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পত্রে উল্লেখ রয়েছে কোন কোন শিল্প প্রতিষ্ঠান ১২০০-১৩০০ ফুট গভীর নলকূপ স্থাপনের পরেও পানি উত্তোলন করতে পারছে না। এ সার্ভে কে করেছে তা জানা প্রয়োজন। এর পাশাপাশি বর্তমানে শিল্প-কারখানগুলোর পানির উৎস জানা প্রয়োজন। চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়িত ফিজিবিলিটি স্টাডিতে সীতাকুন্ড শিল্পাঞ্চলে কি পরিমান পানির প্রয়োজন তার উল্লেখ নেই। তিনি বলেন, মহামায়া লেকটি বৃষ্টির পানির উপর নির্ভরশীল। এই লেকের সাথে নদী বা অন্যকোন পানির উৎসের সাথে সংযোগ নেই। ফলে বৃষ্টি কম হলে এই লেক হতে পানি উত্তোলন করা সম্ভবপর হবে না। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরে পানি সরবরাহের জন্য চট্টগ্রাম ওয়াসা যে প্রকল্প গ্রহণ করেছে তা বাস্তবায়ন করতে প্রায় ৫-৭ বছর সময় লাগতে পারে। উক্ত সময়ে সীতাকুন্ড শিল্পাঞ্চলে অবস্থিত শিল্প-কারখানায় কিভাবে পানি সরবরাহ করা যায় এ বিষয়টিতে গুরুত্ব দেয়া প্রয়োজন। সীতাকুন্ড শিল্পাঞ্চলের পানির চাহিদা কত, পানির উৎস কি হবে, ভবিষ্যতে ৫০/১০০ শত বছর পরে পানির চাহিদা কত হতে পারে, শিল্পাঞ্চলে অবস্থিত শিল্প-কারখানাগুলোর অবস্থা কি এবং ভবিষ্যতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর এর কার্যক্রম শুরু হলে সীতাকুন্ড শিল্পাঞ্চলে অবস্থিত শিল্প-কারখানাগুলোর কার্যক্রম সীতাকুন্ড শিল্পাঞ্চল হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর-এ স্থানান্তরিত হওয়ার সম্ভাবনা রয়েছে কিনা এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ সমীক্ষা কার্যক্রম জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে একটি সমীক্ষা প্রকল্প গ্রহণ করা যেতে পারে। চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)- জিটুজি প্রক্রিয়ায় মেঘনা নদী হতে পানি পরিশোধনপূর্বক পানি সরবরাহ" শীর্ষক প্রকল্প হতে সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহ করা সময়সাপেক্ষ হওয়ায় সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহ করার কার্যক্রম আপাতত চট্টগ্রাম ওয়াসার পক্ষে বাস্তবায়ন করা সম্ভব নয়।

৮। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিবরণ | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) | সীতাকুন্ড শিল্পাঞ্চলের পানির চাহিদা কত, পানির উৎস কি হবে, শত বছর পরে পানির চাহিদা কত হতে পারে, শিল্পাঞ্চলে অবস্থিত শিল্প-কারখানাগুলোর অবস্থা কি এবং ভবিষ্যতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর এর কার্যক্রম শুরু হলে সীতাকুন্ড শিল্পাঞ্চলে অবস্থিত শিল্প-কারখানাগুলোর কার্যক্রম সীতাকুন্ড শিল্পাঞ্চল হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর-এ স্থানান্তরিত হওয়ার সম্ভাবনা রয়েছে কিনা এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ সমীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য একটি প্রকল্প গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| (খ) | বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরে পানির সরবরাহের জন্য চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প হতে সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহ করা সময়সাপেক্ষ হওয়ায় আপাতত চট্টগ্রাম ওয়াসার পক্ষে সীতাকুন্ড শিল্পাঞ্চলে পানি সরবরাহ করা সম্ভব নয় মর্মে দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-কে অবহিত করতে হবে। | পাস-২ শাখা, স্থানীয় সরকর বিভাগ |

৯। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি করেন।

মোঃ খাইরুল ইসলাম
অতিরিক্ত সচিব (পাস)
স্থানীয় সরকার বিভাগ